

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৫৩টি প্রতিষ্ঠানকে ৩.৩৫ লক্ষ টাকা জরিমানা

৪ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, ফরিদপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, ফেনী, যশোর, পাবনা, নওগাঁ, বরিশাল, ভোলা ও সুনামগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহিমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে মেডিসিন কর্ণারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে পূর্বাশা ফুড ফেয়ারকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মির্জা মোঃ হাসানের নেতৃত্বে ঢাকা মহানগরীর নিউ মার্কেট এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জিহাদ স্টোর ও ভাই ভাই কনফেকশনারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে নিউ সিটি কনফেকশনারীকে ১৫,০০০/- (পনের হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের সদরঘাট থানায় ৪টি প্রতিষ্ঠানকে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলা ও বদলগাছি উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাজীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাখাওয়াত হোসেন সেন্টুর নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়া'র নেতৃত্বে ফেনী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নুরুজ্জামানের নেতৃত্বে নেত্রকোণার কেন্দুয়া উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনার আতাইকুলা থানায় ৩টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সুনামগঞ্জের দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ ২,৬৫,৫০০/- (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য, ঔষধ বা সেবা বিক্রয়, ওজনে কারচুপি, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি ও খাদ্যপণ্যের নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৪টি বাজার তদারকিতে ৫৩টি প্রতিষ্ঠানকে মোট ৩,৩৫,৫০০/- (তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, মহানগর পুলিশ ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাংক/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, ময়মনসিংহ, ফরিদপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, ফেনী, যশোর, পাবনা, নওগাঁ, বরিশাল, ভোলা ও সুনামগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, ময়মনসিংহ, ফরিদপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, ফেনী, যশোর, পাবনা, নওগাঁ, বরিশাল, ভোলা ও সুনামগঞ্জ।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।